# Tripura University in News & Media
## March 2023

Dainik ganadoot dt. 1/3/23

## ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্রিকেট দল সেমিফাইনালের দোরগোড়ায়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।। ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্রিকেট দল সেমিফাইনালের দোরগোড়ায়। আগামীকাল কোয়ার্টার ফাইনাল ম্যাচে কলকাতার বিদ্যাসাগর ইউনিভার্সিটি টিমকে হারাতে পারলেই শেষ চারের টিকিট পেয়ে যাবে। ভুবনেশ্বরে কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি অর্থাৎ কিট ইউনিভার্সিটি আয়োজিত পূর্বাঞ্চলীয় আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট টুর্নামেন্টে মোট ১৬ টি দল অংশগ্রহণ করেছে। সারা ভারত জুড়ে চারটি জোনেই এই আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট টুর্নামেন্ট হচ্ছে। ত্রিপুরা বিশ্ববিদ্যালয় দল প্রথম ম্যাচে ঝাড়খণ্ডের এস এম পাতিল বিশ্ববিদ্যালয়কে ১৪ রানের ব্যবধানে হারিয়ে পরবর্তী রাউন্ডে উন্নীত হয়। দ্বিতীয় রাউন্ডে ত্রিপুরা বিহারের মুঙ্গার ইউনিভার্সিটিকে আট উইকেটের ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে। প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে বিহারের মুঙ্গার বিশ্ববিদ্যালয় ৯৬ রানে ইনিংস শেষ করলে জবাবে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় টিম দুই উইকেট হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। বোলিংয়ে পারভেজ সুলতানের পাঁচ উইকেট দখল এবং ব্যাটিংয়ে বাবুল দে-র ৬২ রান সংগ্রহ দলের উল্লেখযোগ্য সাফল্য। আগামীকাল ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্রিকেট দল কোয়ার্টার ফাইনাল ম্যাচে কলকাতার বিদ্যাসাগর ইউনিভার্সিটির বিরুদ্ধে খেলবে। আগামীকালের ম্যাচে জয় পেলে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্রিকেট দল সেমিফাইনালে খেলার ছাড়পত্র পেয়ে যাবে।

Dainik sambad dt. 01/03/23

## বিশ্ববিদ্যালয় ক্রিকেট আজ ত্রিপুরার সামনে বিদ্যাসাগর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারী ঃ ওড়িশার ভুবনেশ্বরে আয়োজিত ইস্ট জোন ইন্টার ইউনির্ভাসিটি ক্রিকেট টুর্নামেন্টে আগামীকাল গ্রুপ লীগে নিজেদের তৃতীয় ম্যাচ খেলতে নামছে ত্রিপুরা ইউনির্ভাসিটি। প্রতিপক্ষ পশ্চিমবাংলার বিদ্যাসাগর ইউনির্ভাসিটি। রেভেনশ ইউনির্ভাসিটি গ্রাউণ্ডে আগামীকাল সকাল সাতটায় ম্যাচটি হবে। গ্রুপে প্রথম দুটো ম্যাচ জিতে দারুণ ফর্মে রয়েছে এখন ত্রিপুরা ইউনির্ভাসিটি। প্রথম ম্যাচে এসএন পাতিল ইউনির্ভাসিটিকে চৌদ্দ রানে এবং দ্বিতীয় ম্যাচে বিহারের মুঙ্গার ইউনির্ভাসিটিকে আট উইকেটে হারায়। সি গ্রুপে ত্রিপুরাকে মোট পাঁচটি ম্যাচ খেলতে হচ্ছে। আগামীকাল পশ্চিমবাংলার বিদ্যাসাগর ইউনির্ভাসিটির বিরুদ্ধে ম্যাচ খেলার পর আরও দুটো ম্যাচ খেলতে হবে ত্রিপুরাকে। গ্রুপে সবকটি ম্যাচ জিততে পারলে তবে সেমিফাইনালে কোয়ালিফাই করতে পারবে ত্রিপুরা। আর সেমিফাইনাল রাউণ্ডে চারটি টিম সরাসরি অল ইণ্ডিয়া ইন্টার ইউনির্ভাসিটি মিটে খেলার যোগ্যতা অর্জন করবে। এদিকে, সেমিফাইনালের রাউণ্ডে চারটি টিমকে পরস্পরের মধ্যে খেলতে হবে। অর্থাৎ একটি টিমকে তিনটি করে ম্যাচ খেলতে হবে। এখানে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্থান নির্ণয় হবে। উল্লেখ্য, ভুবনেশ্বরের কিট ইউনির্ভাসিটির উদ্যোগে এই ক্রিকেট টুর্নামেন্টটি হচ্ছে।

# জয় অব্যাহত রেখে সেমিফাইনালের দোরগোড়ায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। সেমিফাইনালের পথে আরেক কদম এগিয়ে গেলো ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। বুধবার গুরুত্বপূর্ণ ম্যাচে বাংলার বিদ্যাসাগর বিশ্ব বিদ্যালয়কে ৭ উইকেটে পরাজিত করে 'ই'গ্রুপে জয়ের ধারা অব্যহত রাখলেন পারভেজ সুলতান-রা। আজ পশ্চিম বাংলার রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়কে পরাজিত করতে পারলেই শেষ চারে যাওয়া অনেকটাই নিশ্চিত হয়ে যাবে। ওড়িশার ভুবনেশ্বরের কিটস বিশ্ববিদ্যালয় মাঠে অনুষ্ঠিত জাতীয় আন্ত বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায়। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ২২.৩ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১১৬ রান করে। দলের পক্ষে রাহুল কুন্ডু ৪৪ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৩ এবং সৌরভ দাস ১৭ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২০ রান করেন। ত্রিপুরার পক্ষে দীপ্তনু চক্রবর্তী এবং সন্দীপ সরকার ৩ টি করে উইকেট পেয়েছেন। জবাবে খেলতে নেমে ত্রিপুরা ১৭.১ ওভারে ৩ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলীয় ২৮ রানে ৩ উইকেট হারিয়ে ত্রিপুরা যখন খাদের কিনারায় ছিলো তখনই ব্যাট হাতে রুখে দাড়াড় তন্ময় ঘোষ এবং সাহিল সুলতান। ওই জুটি কড়া প্রতিরোধ গড়ে তুলে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়কে জয় এনে দেন। তন্ময় ৩৯ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৩ রানে এবং সাহিল ৩৭ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২ রানে অপরাজিত থেকে যান। বিদ্যাসাগর বিশ্ব বিদ্যালয়ের পক্ষে সৌরভ মাইতি ২ টি উইকেট পেয়েছেন। আজ ত্রিপুরার বিশ্ব বিদ্যালয়ের প্রতিপক্ষ পশ্চিম বাংলার রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়।

Manush patrika
date 2/3/23

Tripura times
date 3/3/23

Bril

# Virtually Tripura University in semi-finals

**Times Sports**

**Agartala, Mar 2:** Virtually Tripura University reached in the semi finals by winning all the matches in the group league. However, 4 teams from 6 groups will reach the semi-finals. As a result, the Tripura team is now looking at the run rate. The Eastern Inter-University Cricket Tournament is being held at the Kalinga Institute of Industrial Technology i.e. KIT University in Bhubaneswar.

Tripura University reached the top of the group after defeating Rabindra Bharti University of West Bengal by 2 wickets on Thursday. Parvez Sultan's all-round performance made Tripura's win easy. After first taking 3 wickets with the ball, the all-rounder of the Tripura Ranji team scored 26 runs with the bat to win the team.

Tripura won the toss and invited the opposition to bat first in the match held at Ravensha Ground. Rabindra Bharti University of West Bengal batted first and scored 124 runs for the loss of all wickets in 24.3 overs. For the team, Rohit Mondal scored 26 from 36 balls with 1 boundary and 1 over boundary, Shubhmoy Banerjee scored 20 from 20 balls with 3 boundaries, Rahul Paik scored 17 from 22 balls with 2 over boundaries, Manik Burman scored 16 from 18 balls with 2 boundaries. And Eamon Dutta scored 15 runs off 19 balls with 3 boundaries.

Parvez Sultan (3/24), Sandeep Sarkar (3/29), Diptanu Chakraborty (2/18) and Abhijit Debbarma (2/25) were successful bowlers for Tripura University. In reply, Tripura lost 8 wickets in 15 overs and picked up the required runs to win.

For the team, Hrituraj Ghosh Roy scored 41 from 43 balls with 2 boundaries and 3 over boundaries, Parvez Sultan scored 26 from 15 balls with 3 boundaries and 1 over boundary, Shubham Sutradhar scored 18 from 16 balls with 1 boundary and Bipin Kumar Sharma played 12 balls and scored 10 runs with the help of 2 boundaries. Eamon Dutta (2/19), Pritam Halder (2/26) and Rohit Mondal (2/30) were successful bowlers for Rabindra Bharati University of West Bengal.

ayandan patrik
date 3/3/2

## আশায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়

ক্রীড়া প্রতিনিধি । গ্রুপ লিগে সবকটি ম্যাচে জয় পেয়ে সেমিফাইনালে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। তবে ৬ গ্রুপ থেকে ৪ দল সেমিফাইনালে পৌঁছবে। ফলে ত্রিপুরা এখন তাকিয়ে আছে রান রেটের দিকে। ভুবনেশ্বরের কিট বিশ্ববিদ্যালয়ে হচ্ছে পূর্বাঞ্চলীয় আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতা। বৃহস্পতিবার পশ্চিম বাংলার রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়কে ২ উইকেটে পরাজিত করে গ্রুপের শীর্ষে পৌঁছে যায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। পারভেজ সুলতানের অলরাউন্ড পারফরম্যান্সে ত্রিপুরার জয় সহজ হয়ে যায়। প্রথমে বল হাতে ৩ উইকেট নেওয়ার পর ব্যাট হাতে ঝোড়ো ২৬ রান করে দলকে জয় এনে দেয় রাজ্য রঞ্জি দলের ওই অলরাউন্ডারটি। রাতেনশা মাঠে অনুষ্ঠিত ম্যাচে ত্রিপুরা টসে জয়লাভ করে প্রথমে বিপক্ষ দলকে ব্যাট করার আমন্ত্রণ জানায়। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় প্রথমে ব্যাট পেয়ে ২৪.৩ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১২৪ রান করে। রোহিত মন্ডল ৩৬ বল খেলে ১টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৬, শুভময় ব্যানার্জি ২০ বল খেলে ৩টি বাউন্ডারির সাহায্যে ২১, রাজু পাইক ২২ বল খেলে ২টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৭, মনিক বর্মন ১৮ বল খেলে ২টি বাউন্ডারির সাহায্যে ১৬ এবং ইমন দত্ত ১৯ বল খেলে ৩টি বাউন্ডারির সাহায্যে ১৫ রান করে। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের পক্ষে পারভেজ সুলতান (৩/২৪), সন্দীপ সরকার (৩/২৯), দীপ্তনু চক্রবর্তী (২/১৮) এবং অভিজিৎ দেববর্মা (২/২৫) সফল বোলার। জবাবে খেলতে নেমে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ১৫ ওভারে ৮ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। ঋতুরাজ ঘোষ রায় ৪৩ বল খেলে ২টি বাউন্ডারি ও ৩টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪১, পারভেজ সুলতান ১৫ বল খেলে ৩টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে অপরাজিত ২৬, শুভম সূত্রধর ১৬ বল খেলে ১টি বাউন্ডারির সাহায্যে ১৮ এবং বিপীন কুমার শর্মা ১২ বল খেলে ২টি বাউন্ডারির সাহায্যে ১০ রান করে। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের পক্ষে ইমন দত্ত (২/১৯), প্রীতম হালদার (২/২৬) এবং রোহিত মন্ডল (২/৩০) সফল বোলার।

Tripura times
dt. 5/3/23

the club has also been champion in women's cricket for the last 2 years.

# Tripura's opponent Eastern University today

**Times Sports**

**Agartala, Mar 4:** The main episode is confirmed. Now the goal is to be the best in the East. Keeping that goal in mind, Tripura will take the field today as its first step. The opponent is VBS Eastern University. The match will be played at KIT Academy ground in Bhubaneswar today at 12 noon.

Tripura University will secure the second place if they win that match. The Eastern Inter-University Cricket Tournament is being held at the Kalinga Institute of Industrial Technology i.e. KIT University, Bhubaneswar.

Abhijit Debbarma's Tripura University reached the semi-finals from being unstoppable in the group league. Besides, after 10 years, Tripura University also qualified to play in the main stage. Meanwhile, the Tripura cricketers completed their final preparations under the supervision of coach Farooq Hussain. Even today the cricketers of Tripura are hopeful of a good game.

Dainik sambad
dt 5/3/2

# বিশ্ববিদ্যালয় ক্রিকেট আজ ত্রিপুরার সামনে পূর্বাঞ্চল

ক্রীড়া প্রতিনিধি

আগরতলা, ৪ মার্চ ঃ ইস্ট জোন ইন্টার ইউনিভার্সিটি ক্রিকেট টুর্নামেন্টে পজিশন ম্যাচ তথা লীগ রাউণ্ডের প্রথম ম্যাচ খেলতে নামছে আগামীকাল (রবিবার) ত্রিপুরা ইউনিভার্সিটি টিম। প্রতিপক্ষ বিহারের পূর্বাঞ্চল ইউনিভার্সিটি। কিট ক্রিকেট গ্রাউণ্ডে ওইদিন দুপুর বারোটায় ম্যাচটি হবে।

অল ইণ্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি ক্রিকেট টুর্নামেন্টে ত্রিপুরা সহ যে চারটি টিম কোয়ালিফাই করেছে তাদের নিয়ে এখন পজিশন ম্যাচ হবে। ত্রিপুরা ইউনিভার্সিটি ছাড়াও বাকি যে তিনটি টিম রয়েছে তা হচ্ছে অটল বিহারী বাজপেয়ী ইউনিভার্সিটি, কোলহন ইউনিভার্সিটি এবং বিহারের পূর্বাঞ্চল ইউনিভার্সিটি।

লীগ রাউণ্ডে এখন প্রত্যেক টিম তিনটি করে ম্যাচ খেলবে। পাঁচ, ছয় এবং সাত মার্চ ম্যাচগুলো হবে। এর মধ্যে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্থানাধিকারী টিম ঠিক হবে।

উল্লেখ্য, দীর্ঘ দশ বছর পর অল ইণ্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি ক্রিকেট টুর্নামেন্টে খেলার যোগ্যতা অর্জন করলো ত্রিপুরা ইউনিভার্সিটি। এ নিয়ে দ্বিতীয়বারের মতো সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় ক্রিকেট টুর্নামেন্টে খেলতে যাচ্ছে ত্রিপুরা ইউনিভার্সিটি।

North East color
dt. 10/03/23

# Training Program by TU on Vermicomposting

**NEC Report**

**Agartala, Mar 9:** An Awareness cum Hands-on Training Program on "Vermicomposting: an Ecofriendly Approach towards sustainable Agriculture" was organized by the Environmental Club 'VASUDHA', Tripura University on the 7th March, 2023 at Department of Forestry and Biodiversity, Tripura University. The program was supported by Himalayan Knowledge Network Program (Tripura Chapter) under LiFE program and sponsored by National Mission on Himalayan Studies, MoEF & CC, Government of India. A total of Eighty Five students and research scholars attended the program. The inaugural session was chaired by Prof. B. K. Datta, Dean, Faculty of Science, TU. Other dignitaries attended the program were Prof. A.K. Saha, Director, Research and Developmental Cell, TU, Dr. Somdev Banik, Dean, Student Welfare, TU, Prof. Sabyasachi Dasgupta, Nodal Person, HKNP (Tripura Chapter), Dr. Bimal Debnath, HOD, Forestry and Biodiversity Dept, TU and Dr. Sourabh Deb, Convener of the Programme. The aims and objectives of the program were to impart the knowledge of Vermicomposting amongst the students and researchers towards Organic Farming and Sustainable Agriculture. Prof. Priyashankar Choudhury, Department of Zoology, TU delivered a special talk on "Vermicomposting tecnology" explaining the importance of vermicomposting in the present scenario of chemical loaded Agricultural practice and gave a practical demonstration of the vermicomposting process at the Vermicomposting Unit, TU. The participants benefitted a lot from the program and they shared their feedback to apply the gained knowledge at their homes. The program ended successfully with a vote of thanks by Ms Kanika Tripura, Member of the environment club

Dainik Ganadoot
dt. 17/03/23

# ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে জ্ঞান উৎসব

আগরতলা, ১৬ মার্চ।। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে আয়োজিত হবে দ্বি-দিবসীয় পূর্বত্তর জ্ঞানোৎসব। অনুষ্ঠানটির মূল বিষয়বস্তু, এনইপি ২০২০-র বাস্তবায়ন সংস্কৃতি শিক্ষা উত্থান ন্যাস, নিউ দিল্লির সহযোগিতায় এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবে পূর্বত্তর ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। অনুষ্ঠানটির পরামর্শদাতা, সমন্বনকারী এবং অধ্যাক্ষ রূপে থাকবেন যথাক্রমে, ডঃ অতুল কোঠি জি, ডঃ দীপক শর্মা, রেজিস্ট্রার, ত্রিপুরা বিশ্ববিদ্যালয় এবং প্রঃ গঙ্গাপ্রসাদ প্রসাইন, উপাচার্য,ত্রিপুরা বিশ্ববিদ্যালয়।

Tripura Darpan
dt 17/03/23

# ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের দ্বি-দিবসীয় জ্ঞান উৎসব

**দর্পণ প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ঃ** আগামী ১৭-১৮ মার্চ, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে আয়োজিত হবে দ্বি - দিবসীয় পূর্বোত্তর জ্ঞানোৎসব। সংস্কৃতি শিক্ষা উত্থান ন্যাস, নিউ দিল্লির সহযোগিতায় এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবে পূর্বোত্তর ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। অনুষ্ঠানটির পরামর্শদাতা, সমন্বনকারী এবং অধ্যক্ষ রূপে থাকবেন যথাক্রমে, ড. অতুল কোঠারি জি, ড. দীপক শর্মা, রেজিস্ট্রার, ত্রিপুরা বিশ্ববিদ্যালয় এবং প্র: গঙ্গা প্রসাদ প্রসাইন, উপাচার্য, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়।

Dainik Ganadoot
dt. 18/03/23

ধনখড়।

# ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে শুরু জ্ঞান উৎসব

আগরতলা, ১৭ মার্চ।। ১৭ই মার্চ, ২০২৩ এ ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে শুরু হলো দ্বি-দিবসীয় পূর্বোত্তর জ্ঞান উৎসব। প্রথম দিনে তিনটি অধিবেশনে আয়োজিত এই অনুষ্ঠানের বক্তৃতার মূল বিষয়বস্তু ছিল শিক্ষার দ্বারা স্বনির্ভর পূর্বোত্তর। ত্রিপুরা ইউনির্ভাসিটির উপাচার্য এবং উক্ত অনুষ্ঠানের অধ্যক্ষ প্রফেসর গঙ্গা প্রসাদ প্রসেন তাঁর বক্তব্যে জোর দিলেন রোমান লিপির পরিবর্তে দেব নগরী লিপির ব্যবহার। ত্রিপুরা ইউনির্ভাসিটির নিবন্ধক ডক্টর দীপক শর্মা তার বক্তব্যে তুলে ধরেন এরকম অনুষ্ঠানের গুরুত্ব। তিনি আরো বলেন এরকম অনুষ্ঠান আরও আয়োজন করা দরকার কারণ স্থানীয় স্তরে এনইপি টুয়েন্টি টোয়েন্টির বৈশিষ্ট্য যুবসমাজের কাছে প্রসাসিত হওয়ার দরকার আছে।

...মাম ম...
...রুবনন্তপুরম
...দর্শ রয়েছে
...রুবনন্তপুরে
...লেছেন, কে
...াধের ক্ষেত্রে
...লেছেন, কুদু
...বং প্রাক্তন প্র
...ষ্ট্রপতি। রাষ্ট্র
...বদানের প্রশ
...জয়ন এবং ও
...ঠ পরিদর্শন ক

...নিজ বা...

...ণদূত প্রতিনিধি
...র্চ।। রাজ্যে ত
...াত্মহত্যার ঘ
...তিদিনই রা
...লাকায় এক
...ত্যুর ঘটনা ঘট
...ন থেকে মৃ
...মকাওয়াস্তে
...লাস হচ্ছে
...কালে আগর
...দ্যাসাগর এল

Dainik Ganadoot
dt. 19/03/23

...র্জন
...এবং
...প্রার্থী
কেনা অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী নয়, সাহায্য দাতা হয়ে উঠেছে।

# ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে সম্পন্ন পূর্বোত্তর জ্ঞান উৎসব

আগরতলা, ১৮ মার্চ।। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় সুসম্পন্ন হল দ্বি দিবসীয় পূর্বত্তোর জ্ঞান উৎসব। মুক্তি অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিল শিক্ষার দ্বারা স্বাবলম্বী পূর্বোত্তর সংকল্প সমারোহ। ১৭ই মার্চ অনুষ্ঠান শুরু হয়েছিল উদ্বোধনী অনুষ্ঠান এবং দুইটি অধিবেশন এবং দ্বিতীয় দিন ১৪ মার্চ অধিবেশনের মধ্যে দিয়ে অনুষ্ঠানটি সমাপ্তি ঘোষণা করা হয়। অনুষ্ঠানটির প্রথম দিন ত্রিপুরা ইউনির্ভাসিটির উপাচার্য এবং উক্ত অনুষ্ঠানের অধ্যক্ষ প্রফেসর গঙ্গা প্রসাদ প্রসেন তার বক্তব্যে জোর দিলেন রোমান লিপির পরিবর্তে দেব নগীর লিপির ব্যবহার। ত্রিপুরা ইউনিভাসিটির নিবন্ধক ডক্টর দীপক শর্মা তার বক্তব্যে তুলে ধরেন এরকম অনুষ্ঠানের গুরুত্ব। তিনি আরো বলেন এরকম অনুষ্ঠান আরও আয়োজন করা দরকার কারণ স্থানীয় স্তরে এনইপি টোয়েন্টি টোয়েন্টির বৈশিষ্ট্য যুবসমাজের কাছে প্রসারিত হওয়ার দরকার আছে। অনুষ্ঠানটির প্রধান বক্তারা ছিলেন নেহুরু উপাচার্য প্রফেসর প্রভা শঙ্কর শুক্ল, এমবিবি বিশ্ববিদালয়ের উপাচার্য প্রফেসর সত্যদেও পোদ্দার, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের কলা এবং বাণিজ্য বিভাগ এবং বিজ্ঞান বিভাগের ডিন প্রফেসর শ্যামল দাস ও প্রফেসর বাদল কুমার দত্ত, শোধ প্রকল্প, সংস্কৃতি উত্থান ন্যাসের ন্যাশনাল কনভেনার ডক্টর রাজেশ কুমার কুমার, রিজিওনাল কনভেনের ডক্টর তিমির ত্রিপাঠী প্রমুখ।

# शिक्षा को आत्मबल, ज्ञान व सामजिक परिवर्तन का जरिया बनाना मूल उद्देश्य : सत्यदेव पोद्दार

त्रिपुरा में पूर्वोत्तर ज्ञानोत्सव का शुभारंभ



[illegible]

Tripura observer cont. page

## Two days

*Contd from Page - 8*

Open University, Guwahati, Prof Ch Ibohal Meitei, Manipur University, Dr Preetisudha Mehar, NIT Arunachal Pradesh, Prof S P Singh, Vice-Chancellor, RGU Guwahati, Prof Rajmani Singh, Manipur University & Dr Arun Kumar Singh, NEHU, Shillong, Prof Hitendra Mishra, NEHU, Prof Vijay Kumar Karna, Nav Nalanda Mahavihar University, Nalanda, Bihar etc. The two days programme was moderated by Dr Partha Sarathi Gupta, Dept. of English & Dr Kali Charan Jha, Dept. of Hindi, Dr Parth Sarthi Shil, Dept. of Sanskrit & Dr Muneendra Mishra, Assistant Director (OL) Tripura University.

Tripura times
dt. 19/03/23

# Academicians call for 'Swablambi Purvottar' through NEP

## Two days edu-fest, 'Purvottar Gyanotsav' concludes at TU

**Times News**
**Agartala, Mar 18**

Two days grand educational festival, 'Purvottar Gyanotsav' jointly organized by Tripura University and Siksha Sanskriti Utthan Nyas, New Delhi concluded successfully in Tripura University on Saturday.

The event marked the adoption of momentous resolution of 'Swablambi Purvottar' through National Education Policy (NEP), 2020. The discourses were mainly focused on how to revive Indian Knowledge System by learning through multi lingual medium. On the first day, an inaugural session followed by two dedicated technical sessions and on second day, two dedicated technical sessions followed by valedictory session were organised. A detailed discourse was held on Self-reliant 'Purvottar' through Education in all these sessions on its various aspects including how to earn while you learn.

The complete discourse emphasized to bring the necessary changes in the need and region based research so that the new startup is setup at every corner of the country. It will not only be creating job opportunities for the youth but also to bring the changes in their mindset from 'job seekers to job providers'. Prof. Ganga Prasad Prasain, Vice-Chancellor, TU & Event-Chairperson emphasized to use 'Devnagari Lipi(script)' instead of 'Roman Script' for local or tribal languages of Northeast specially without any defined script. He further added that after a long time such student's centric education policy has been introduced by the Govt. of India.

Dr. Deepak Sharma, Registrar, TU & Event-coordinator made a special remembrance of Dr. Atul Kothari, an eminent educationist who has contributed towards significant transformation in the Indian Education System. Dr. Kothari was the chief guest and keynote speaker of the event but owing to his health issues, he didn't

P-5

## Dainik Ganadoot
dt. 25/03/23

হয়েছে। ক্যাপশনে লেখা হয়েছে, এক দেশ এক ট্যাক্স ব্যবস্থার ফলে রেস্তোরাঁয় খাওয়ার খরচ কমেছে।

# ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে ১৭টি বিষয়ে এসডিজির কর্মশালা



আগরতলা, ২৪ মার্চ।। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ডেভলপমেন্ট সেন্টার দ্বারা আয়োজিত সাস্টেনেবল ডেভলপমেন্ট গোল ট্রান্সফরমিং সোসাইটি এই শীর্ষকে দু সপ্তাহ ব্যাপী কর্মশালা সুষ্ঠুভাবে মার্চ মাসের ২৩ তারিখ সুসম্পন্ন হল। অনুষ্ঠানটির সূচনা হয়েছিল মার্চ মাসের ১০ তারিখে। উক্ত ফ্যাকাল্টি ডেভেলমেন্ট প্রোগ্রামে ত্রিপুরা রাজ্য সহ দেশের বিভিন্ন প্রদেশের ৩০ জন অধ্যাপকগণ অংশগ্রহণ করেছিলেন। দেশের বিভিন্ন উচ্চ সংস্থান হতে আগত বিদ্বান ব্যক্তিগণ সহ আমেরিকা হতে আগত বিশিষ্ট বিশারদ অধ্যাপক ইরিন ইভোরি অনুষ্ঠানে আমন্ত্রিত বক্তা হিসেবে উপস্থি থেকে মূল্যবান বক্তব্যের মধ্যে দিয়ে এসডিজীর ১৭টি লক্ষ্যকে অন্তর্ভূক্ত করেছেন। সমাপন সমারোহে উপস্থিত ছিলেন রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রণালয়ের ডিরেক্টর এনসি শর্মা অনুষ্ঠানের শীর্ষক সম্বন্ধে আলোকপাত করেন ও অংশগ্রহণকারীদের দেশের উন্নতি বিধানে বিধানে উদ্বুদ্ধ করেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের কুলসচিব ডঃ দীপক শর্মা, ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট সেন্টারের সহ নির্দেশক অধ্যাপক অজয় কৃষ্ণ সাহা ও সমন্বয়সাধনকারী অধ্যাপক বিনোদ চন্দ্র ত্রিপাঠি। বিশিষ্ট ব্যক্তিগণ তাদের সুচিন্তিত বক্তব্যের দ্বারা অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের উৎসাহিত করেন।

### বিধানসভায় ভোট অন একাউন্ট পেশ

আগরতলা, ২৪ মার্চ।। বিধানসভা অধিবেশনের দ্বিতীয়ার্ধে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় ২০২৩-২৪ অর্থ বছরের প্রথম চারমাসের জন্য ৯০৬৬.৫৬ কোটি টাকার ভোট অন একাউন্ট বিধানসভায় অনুমোদনের জন্য পেশ করেন। ভোট অন একাউন্ট পেশ করা হয়েছে এ বছর এপ্রিল মাস থেকে জুলাই মাস এই চার মাসের জন্য।

## Tripura times
dt. 25/03/23

# FDP on Sustainable Development Goals: **Transforming Society Concludes**

**Times News**

**Agartala, Mar 24:** The Two weeks Faculty Development Program on "Sustainable Development Goals: Transforming Society" organized by Faculty Development Centre, Tripura University from 10-23 March, 2023 concluded on Thursday.

The valedictory function was graced by N. C. Sarma, Director, DHE. Addressing the valedictory function, Sarma said it is very important for all faculties of higher educational institutions to know about the concept of sustainable development goals and their universal agenda. He also discussed about the importance of adopted village and their development through sustainable way to make it a model village. He requested all the participants to take responsibility and commitment for the development of the society. Dr Deepak Sharma, Registrar, Tripura University, Prof A. K. Saha, Deputy Director, FDC and Prof. B.C. Tripathy, Coordinator, FDC were also present in the programme.

The FDP covers all Seventeen Sustainable Development Goals, which are an urgent call for action for all countries. The program is really beneficial to the participants and now the participants are well equipped with the knowledge of SDG goals for further teaching, research and community level works in rural areas.

Altogether 30 faculty members from various colleges and university of Tripura and other parts of India have participated in the mentioned Faculty Development Program. Twenty Five resource persons from different Higher Educational Institutes including Prof. Erin Ivory from USA delivered lecture in the program.

## Tripura Darpan
dt 25/03/23

# বিশ্ববিদ্যালয়ে কর্মশালা সমাপ্ত



আগরতলা, ২৪ মার্চ ঃ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট সেন্টার দ্বারা আয়োজিত সাস্টেনেবল ডেভলপমেন্ট গোল: ট্রান্সফরমিং সোসাইটি এই শীর্ষকে দু'সপ্তাহব্যাপী কর্মশালা সুষ্ঠুভাবে মার্চ মাসের ২৩ তারিখে সুসম্পন্ন হল। অনুষ্ঠানটির শুভ সূচনা হয়েছিল মার্চ মাসের ১০ তারিখে। উক্ত ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট প্রোগ্রামে ত্রিপুরা রাজ্য সহ দেশের বিভিন্ন প্রদেশের ৩০ জন অধ্যাপকগণ অংশগ্রহণ করেছিলেন। দেশের বিভিন্ন উচ্চ সংস্থান হতে আগত বিদ্বান ব্যক্তিগণ সহ আমেরিকা হতে আগত বিশিষ্ট বিশারদ অধ্যাপক ইরিন ইভোরি অনুষ্ঠানে আমন্ত্রিত বক্তা হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্যের মধ্যে দিয়ে ১৭ টি লক্ষ্যকে অন্তর্ভুক্ত করেছেন। সমাপন সমারোহে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্যের উচ্চ শিক্ষা মন্ত্রণালয়ের ডিরেক্টর স্বনামধন্য এন সি শর্মা। তিনি অনুষ্ঠানের শীর্ষক সম্বন্ধে আলোকপাত করেন ও অংশগ্রহণকারীদের দেশের উন্নতি বিধানে উদ্বুদ্ধ করেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের কুলসচিব ডঃ দীপক শর্মা, ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট সেন্টারের সহ নির্দেশক অধ্যাপক অজয় কৃষ্ণ সাহা ও সমন্বয়সাধনকারী অধ্যাপক বিনোদ চন্দ্র ত্রিপাঠী। সকল বিশিষ্ট ব্যক্তিগণ তাদের সুচিন্তিত বক্তব্যের দ্বারা অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের উৎসাহিত করেন